দামুড়হুদায় বিপুল পরিমান ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ঝিনাইদহ র্যাব-৬ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৮৬৯ বোতল ফেন্সিডিল সহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

শুক্রবার বেলা ১০টার সময় দামুড়হুদা উপজেলার ছোটদুধ পাতিলা গ্রামস্থ এলাকা থেকে তাকে আটক করা হয়।

ঝিনাইদহ র্যাব-৬, সূত্রে জানাগেছে, শুক্রবার র্যাব-৬, (সিপিসি-
২) ঝিনাইদহ র্যাব ক্যাম্প এর একটি আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে দামুড়হুদা থানার ছোটদুধ পাতিলা গ্রামস্থ এলাকায় কতিপয় ব্যক্তি মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করার উদ্দেশ্যে অবস্থান করছে।

প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে আভিযানিক দলটি আনুমানিক বেলা ১০টার সময় ছোটদুধ পাতিলা গ্রামস্থ এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে এসময় আটক করা হয় চুয়াডাঙ্গা পৌরসভাধীন গুলশান পাড়ার মৃত শহিদুল ইসলাম এর ছেলে জাহিদ আহমেদ (২৪)কে।

এসময় তার কাছ থেকে উদ্ধার করা ৮৬৯ বোতল ফেন্সিডিল , ১টি মোবাইল ফোন এবং ২টি সিম কার্ড। জব্দকৃত আলামত ও গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানায় হস্তান্তর করে আসামীর বিরুদ্ধে মাদক আইনে মামলা রুজু করা হয়েছে।।